গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল
publiclibrary.barisaldiv.gov.bd

নং ৪৩.২৬.০৬০০.০০০.২৩.০০৩.১৮. তারিখ: ............................

**বিষয়: জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৫ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভায় উপস্থিতি।**

৫ ফেব্রুয়ারি জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৫ উদযাপন উপলক্ষে আগামী ৩০.০১.২০২৫ তারিখ সকাল ১১.০০ টায় জেলা প্রশাসকের কার্যালয় বরিশাল এর সভাকক্ষে প্রস্তুতিমূলক সভা আহবান করা হয়েছে। উক্ত সভায় সম্মানিত সদস্য হিসেবে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২৯/০১/২৫
সাদিয়া মাহবুব
সহকারী পরিচালক
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল
ফোন ০২৪৭৮-৮৬৩১৪৯
dplbarisal@gmail.com

**প্রাপক,**
পুলিশ সুপার
বরিশাল।

নং ৪৩.২৬.০৬০০.০০০.২৩.০০৩.১৮.**৪৯/১(৩)** তারিখ: ২৯/০১/২০২৫ খ্রি.

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরিশাল।
২। নেজারত ডিপুটি কালেক্টর, বরিশাল।
৩। সহকারী কমিশনার, গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল। (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অফিস কপি।

২৯/০১/২৫
সাদিয়া মাহবুব
সহকারী পরিচালক
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল
ফোন ০২৪৭৮-৮৬৩১৪৯
dplbarisal@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল
publiclibrary.barisaldiv.gov.bd

নং ৪৩.২৬.০৬০০.০০০.৩৮.০০৬.১৯.৫৯ তারিখ: ০৮/০২/২০২৫ খ্রি.

**বিষয়: ০৫ ফেব্রুয়ারি জাতীয় গ্রন্থাগার উদযাপন উপলক্ষে র‍্যালী, আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানের প্রতিবেদন**

'সমৃদ্ধ হোক গ্রন্থাগার, এই আমাদের অঙ্গীকার' এ প্রতিপাদ্য নিয়ে ৮ম বারের মতো সারা দেশের ন্যায় বরিশালেও জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপিত হয়েছে। এ উপলক্ষে জেলা প্রশাসন বরিশাল ও বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল কর্তৃক নানা কর্মসূচী গ্রহণ করা হয়।

০৫ ফেব্রুয়ারি সকালে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা আয়োজন করা হয় যা শহরের গুরুত্বপূর্ণ জায়গা প্রদক্ষিণ করে এবং এতে বিপুল সংখ্যক মানুষ অংশগ্রহণ করে। পরবর্তীতে জাতীয় গ্রন্থাগার দিবস নিয়ে আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা অনুষ্ঠানে ছাত্র-ছাত্রী, অবিভাবকবৃন্দ, গ্রন্থাগার পেশাজীবী, বেসরকারি গ্রন্থাগারের সভাপতি/সাধারণ সম্পাদকবৃন্দ, সরকারি কর্মকর্তাবৃন্দ, সাংবাদিক ও গণমাধ্যম কর্মীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব উপমা ফারিসা, অতিরিক্ত জেলা জেলা প্রশাসক, (শিক্ষা ও আইসিটি), বরিশাল। সভার মূখ্য আলোচক ছিলেন ড. পঙ্কজ কুমার সরকার, লাইব্রেরিয়ান, (পি.আর.এল ভোগরত) পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব সাদিয়া মাহবুব, সহকারী পরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল।

আলোচনা শেষে ০৫ ফেব্রুয়ারি জাতীয় গ্রন্থাগার দিবস উপলক্ষে আয়োজিত রচনা, চিত্রাংকন, বইপাঠ ও উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার ও সনদ প্রদান করা হয়। দিবসের সকল কার্যক্রম জাতীয় ও স্থানীয় গণমাধ্যমে ব্যাপকভাব প্রচার করা হয়েছে। মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুষ্ঠানের প্রতিবেদন প্রেরণ করা হলো।

**সংযুক্তি: অনুষ্ঠানের ছবি:** ....০২.... পাতা।

০৮/০২/২৫
**সাদিয়া মাহবুব**
সহকারী পরিচালক
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল
ফোন ০২৪৭৮-৮৬৩১৪৯
dplbarisal@gmail.com

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
গণগ্রন্থাগার অধিদপ্তর
বি.এস.এল. ভবন-৩ (২য় তলা)
১ মিন্টো রোড, রমনা, ঢাকা।